

ফ্রেইট ফরওয়ার্ডার

ফ্রেইট ফরওয়ার্ডার্স(লাইসেন্সিং ও কার্য পরিচালনা) বিধিমালা, ২০০৮ অনুযায়ী ফ্রেইট ফরওয়ার্ডার লাইসেন্স (নতুন/তালিকাভুক্তি) এর জন্য আবেদন পত্র দাখিলের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র ও দলিলাদি :

১. ফরম-ক তে আবেদন পত্র ও ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
২. হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;
৩. ই-টিআইএন সনদপত্র [e-Taxpayer Identification Number (TIN)];
৪. মূল্য সংযোজন কর নিবন্ধন পত্রের কপি;
৫. আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নিরূপিত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশের (আইটি-৮৮) কপি;
৬. আর্থিক স্বচ্ছতার স্বপক্ষে ব্যাংকের সনদপত্র;
৭. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি; (ফার্ম বা কোম্পানি হলে প্রত্যেক অংশীদার বা ব্যবস্থাপনা পরিচালক/পরিচালকের জাতীয় পরিচয় পত্র ও পাসপোর্ট সাইজের ছবি)।
৮. আবেদনকারী কোম্পানি আইন- ১৯৯৪ অনুযায়ী কোম্পানী হইলে কোম্পানীর নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি এবং Partnership Act, 1932 অনুযায়ী আবেদনকারী যৌথ মালিকানাধীন ফার্ম হইলে, যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি;
৯. অফিস সংশ্লিষ্ট স্থান বা স্থাপনা ভাড়ার চুক্তিপত্র অথবা উক্ত স্থান বা স্থাপনার মালিকানার স্বপক্ষে দলিলপত্র। প্রযোজ্য ক্ষেত্রে ভাড়ার উপর ১৫% হারে পরিশোধিত ভ্যাট এর ট্রেজারী চালান।
১০. নতুন ফ্রেইট ফরওয়ার্ডার লাইসেন্সে জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে আবেদন ফি হিসাবে ৫০০০/- (পাঁচ হাজার) টাকার অফেরতযোগ্য ট্রেজারী চালান (কোডঃ ১-১১৩১-০০২৫-১৮৫৪) এবং উহার উপর ১৫% ভ্যাট (কোডঃ ১-১১৩৩-০০১০-০৩৯১) এর ট্রেজারী চালান। তবে রেফারেন্স হিসেবে কোন কাস্টম হাউস/স্টেশনে তালিকাভুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তি ফি অফেরতযোগ্য ১০,০০০/- (দশ হাজার) টাকার ট্রেজারী চালান ও উহার উপর ১৫% হারে পরিশোধিত ভ্যাট এর ট্রেজারী চালান;
১১. তালিকাভুক্তির আবেদনের ক্ষেত্রে মূল লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;
১২. ফ্রেইট ফরওয়ার্ডিং সেবার সাথে সংশ্লিষ্ট কাজে কোন অভিজ্ঞতা থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ।
১৩. বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা)-এর মেম্বারশীপ সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।